গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
প্রশাসন-৪ শাখা
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নম্বর : ২৬.০৬.০০০০.০৬০.৯৯.০০১.২২.৭৫৯

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

বিষয়ঃ যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ২.১ অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত চালুকৃত সেবাসমূহের (এপ্রিল-জুন/২৪) এর প্রত্যয়ন পত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম ২.১ এর কর্মসম্পাদন সূচক ২.১.১ অনুযায়ী আরজেএসসি কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত চালুকৃত সেবাসমূহের (এপ্রিল-জুন/২৪) এর প্রত্যয়ন পত্র প্রস্তুতপূর্বক সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ হলো।

সংযুক্তিঃ ৭ (সাত) পাতা।

২৪/৬/২০২৪

মোঃ মিজানুর রহমন এনডিসি
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৫৫০১৩৫২৩
registrar@roc.gov.bd

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-২ শাখা]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
প্রশাসন-৪ শাখা
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

স্মারক নম্বর : ২৬.০৬.০০০০.০৬০.৯৯.০০১.২২। ৭৫২

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

প্রত্যয়ন পত্র

বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ২.১ এর কর্মসম্পাদন সূচক ২.১.১ অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত এর বিপরীতে ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ ও চালুকৃত সেবার লিংক নিম্নরূপঃ

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সেবাটি কার্যকর আছে কিনা | সেবার লিংক |
|---|---|---|---|---|
| ০১ | সংঘস্মারক ও সংঘবিধির সাবস্ক্রাইবার পাতায় ছবি সংযুক্তকরণ | সংঘস্মারক ও সংঘবিধির সাবস্ক্রাইবার পাতায় শেয়ারহোল্ডারগণের স্বাক্ষর এর পাশাপাশি ছবি সংযুক্ত করে তার স্ক্যান কপি অনলাইনে আপলোড করতে হয়। ফলে শেয়ার হস্তান্তরকারীকে সনাক্তকরণ সহজ হয়। গত ১০/১১/২০১৮ তারিখে এ সংক্রান্ত জিও জারী করা হয়। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ০২ | স্বয়ংক্রিয় পদ্ধতিতে সার্টিফাইড কপি প্রদান | আবেদনকারী অনলাইনে সার্টিফাইড কপির জন্য আবেদন করে ফি প্রদান করলে প্রযোজ্য ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে ডিজিটাল স্বাক্ষরিত কপি আবেদনকারীর ই-মেইলে প্রেরিত হয়। গত ২৪/০২/২০২০ তারিখে এ সংক্রান্ত জিও জারী করা হয়। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ০৩ | পার্টনারশীপ ফার্ম নিবন্ধনের ক্ষেত্রে চুক্তিনামার হার্ডকপি দাখিল রহিতকরণ | পার্টনারশীপ ফার্ম নিবন্ধনের ক্ষেত্রে আরজেএসসি'র ওয়েবসাইটে রেজিস্ট্রেশন ফরম যথাযথভাবে পূরণ, চুক্তিনামার হার্ডকপি স্ক্যান করে অনলাইনে দাখিল এবং প্রয়োজনীয় ফি ব্যাংকে জমা করণেই আবেদনের কাজ সম্পন্ন হয়ে যায়। চুক্তিনামার হার্ডকপি এ | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |

০/২

| | | | | |
|---|---|---|---|---|
| | | দপ্তরে দাখিল করার প্রয়োজন হয় না। গত ৩০/০৯/২০২০ তারিখে এ সংক্রান্ত পরিপত্র জারী করা হয়। | | |
| ০৪ | বন্ধকের বিবরণী বা চার্জ নিবন্ধন সার্টিফিকেট ইলেক্ট্রনিক স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ই-মেইলে প্রেরণ | বন্ধকের বিবরণী (Mortgage) নিবন্ধনের ক্ষেত্রে বন্ধক বা চার্জ সৃষ্টিকারী আর্থিক প্রতিষ্ঠান/ কোম্পানি কর্তৃক নির্ধারিত ফরম পুরণ করে অনলাইনে দাখিলের পাশাপাশি হার্ডকপিতে পক্ষগণের স্বাক্ষরান্তে উহার মূলকপি এবং বন্ধক বা চার্জ সৃষ্টিকারী দলিলের ফটোকপি সত্যায়ন করে এ দপ্তরে দাখিল করতে হয়। দাখিলকৃত কাগজাদি পরীক্ষান্তে সঠিক পাওয়া গেলে বন্ধকের বিবরণী (Mortgage) বা চার্জ নিবন্ধনের পর গ্রাহকগণ ই-মেইলে ডিজিটাল স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট প্রাপ্ত হবেন। গত ৩০/১২/২০২০ তারিখে এ সংক্রান্ত পরিপত্র জারী করা হয়। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ০৫ | একক পদ্ধতিতে কোম্পানি নিবন্ধন | এই পদ্ধতিতে বিদ্যমান নিবন্ধন প্রক্রিয়ার নামের ছাড়পত্র গ্রহণ, নিবন্ধনের আবেদন ও ফিস প্রদান এই তিন পদ্ধতির কার্যক্রম পৃথক পৃথক ভাবে না হয়ে একটি পদ্ধতিতে সম্পন্ন হয়। গত ২১/০১/২০২১ তারিখে পরিপত্র জারী করা হয়। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ০৬ | নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট ইলেক্ট্রনিক স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ই-মেইলে প্রেরণ | নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের ক্ষেত্রে কোম্পানির বিশেষ সিদ্ধান্তের বিপরীতে বিধি মোতাবেক ফরম VIII, সংঘস্মারক ও সংঘবিধি যথাযথভাবে দাখিলের পর পরীক্ষান্তে সঠিক পাওয়া গেলে এ দপ্তর হতে কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট ইলেক্ট্রনিক স্বাক্ষরের মাধ্যমে আবেদনকারীর ই-মেইলে সরাসরি প্রেরণ করা হবে। গত ৩০/১২/২০২০ তারিখে এ সংক্রান্ত পরিপত্র জারী করা হয়। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ০৭ | স্বয়ংক্রিয় পদ্ধতিতে মডেল সংঘবিধি (Article of Association) ও মডেল সংঘস্মারক | এই উদ্যোগে কোম্পানি গঠনের উদ্যোক্তাগণ খুব সহজেই আরজেএসসি'র ই-সেবা ওয়েবসাইট থেকে নির্ধারিত সার্বজনীন ফরম্যাটের সহায়তা নিয়ে MOA এবং AOA তৈরী করতে পারবে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |

| | | | | |
|---|---|---|---|---|
| | (Memorandum of Association) প্রনয়ন | গত ১৪/০৩/২০২২ তারিখে এ সংক্রান্ত পরিপত্র জারী করা হয়। | | |
| ০৮ | অনলাইনে রেকর্ডকৃত ফরম ৪ এর ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফাইড কপি প্রদান | পুর্বে ফরম-৪ সার্টিফাইড কপি ম্যানুয়ালি স্বাক্ষর করে প্রদান করা হত। সার্টিফাইড কপি গ্রহণ করার জন্য উদ্যোক্তাগণকে এ অফিসে আসতে হত। এই স্বাক্ষরের এই সংস্কারের মাধ্যমে উদ্যোক্তাগণ ঘরে বসেই ই-মেইলে অনলাইনে রেকর্ডকৃত ফরম-৪ (অনুমোদিত শেয়ার মূলধন বৃদ্ধি এর ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফাইড কপি পেয়ে যাবে। গত ২৬/১২/২০২১ তারিখে এ সংক্রান্ত পরিপত্র জারী করা হয়। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ০৯ | পেনশন সেবা সহজিকরণ | অত্র পরিদপ্তরের কর্মকর্তা কর্মচারিদের পেনশনের আবেদন প্রক্রিয়া সহজিকরণ করা হয়েছে। পুর্বে বিদ্যমান পেনশন সেবা আবেদন মন্ত্রণালয়ে অগ্রায়ন করতে ১৫ টি ধাপ ও অফিসে বারংবার আসার প্রয়োজন হতো। সেবাটি সহজিকরণের ফলে ৭ টি ধাপে নিষ্পন্ন করা হচ্ছে। ফলে যাতায়াত কমেছে।<br>জিও জারির তারিখ: ২৪ জানুয়ারী ২০২২ | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ১০ | শেয়ার বরাদ্দের বিবরণী (ফরম-XV) এর সার্টিফাইড কপি অনলাইনে সরবরাহ | পুর্বে শেয়ার বরাদ্দের বিবরণী (Form-XV) - এর সার্টিফাইড কপি ম্যানুয়ালি স্বাক্ষর করে প্রদানের ব্যবস্থা চালু ছিল। উক্ত সার্টিফাইড কপি সংগ্রহ করার জন্য গ্রাহককে আরজেএসসি'র অফিসে এসে হার্ডকপি সংগ্রহ করতে হতো। এই সংস্কারের মাধ্যমে উদ্যোক্তাগণ ঘরে বসেই ই-মেইলের মাধ্যমে রেকর্ডকৃত শেয়ার বরাদ্দের বিবরণী (Form-XV) এর ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফাইড কপি পাবেন। ফলে সেবাগ্রহীতার সময় ও অর্থ দুটোই সাশ্রয় হবে। গত ৩০/০৬/২০২২ তারিখে এ সংক্রান্ত পরিপত্র জারী করা হয়। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ১১ | রিটার্ন দাখিলের সমর্থনে প্রয়োজনীয় কাগজাদির তালিকা প্রদর্শন প্রসঙ্গে। | অন্যান্য রিটার্ন দাখিলের ক্ষেত্রে সেবাগ্রহীতাগণ আবেদনের সাথে কি কি দলিল বা ডকুমেন্টস জমা দিতে হবে তা সঠিকভাবে না জানার | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কারণে অসম্পূর্ণ রিটার্ন দাখিল করতেন। ফলে রিটার্ন রেকর্ডভুক্ত হওয়ার প্রক্রিয়াটি সময় সাপেক্ষ হতো। বর্তমানে সংস্কারের ফলে রিটার্ন দাখিলের আবেদন করার সময়ই অনলাইনে প্রয়োজনীয় দলিল বা ডকুমেন্টস এর তালিকা প্রদর্শিত হবে। ফলে সহজেই সেবা গ্রহীতাগণ প্রয়োজনীয় কাগজাদির তালিকা দেখে তা সঠিকভাবে পূরণ করে স্বল্প সময়ে নির্ভুলভাবে জমা দিতে পারবেন। ফলে অসম্পূর্ণ রিটার্ন দাখিল রোধ হওয়ার সাথে সাথে রিটার্ন রেকর্ডভুক্তকরণও দ্রুত সম্পাদন করা সম্ভব হবে। ফলে সেবাগ্রহীতা দ্রুত সেবা পাবেন। গত ৩০/০৬/২০২২ তারিখে পরিপত্র জারী করা হয়েছে। | | |
| ১২ | সেবাবুক প্রবর্তন | আরজেএসসি'র সেবা সমূহের বিস্তারিত বর্ণনা নিয়ে একটি সেবাবুক প্রণয়ন করা হয়েছে। উক্ত বইয়ে সকল সেবা নিতে এটি একটি সহায়ক ম্যানুয়াল। | হ্যাঁ | |
| ১৩ | ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম (Inventory Management System) | <u>সমস্যাঃ</u><br>- স্বশরীরে চাহিদাপত্র দাখিল করতে হয়।<br>- চাহিদাপত্র দাখিলের পর যাচাই-বাছাই করার জন্য অপ্রয়োজনীয় যাতায়াত ও সময় ব্যয় হয়।<br>- স্টোরে সংরক্ষিত মালামালসমূহের তথ্য-উপাত্ত সংরক্ষণের জন্য স্টক রেজিস্টার ব্যবহার ঝামেলাপূর্ণ।<br>- হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ না করা<br>- সংরক্ষিত মালামালের যথাযথ তদারকী না করা।<br>- বিদ্যমান পদ্ধতিতে কাগজের ব্যবহার বেশি ও ব্যয়বহুল<br><u>সমাধান:</u><br>- অনলাইনে সহজে দ্রুততার সাথে ব্যবহার করা যাবে।<br>- হিসাব রাখা ও তদারকী সহজে সম্ভব<br>- পেপারলেস পদ্ধতি<br>- কেন্দ্রীয় রিপোর্টিং | হ্যাঁ | 123.49.32.33/rjsc/login |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গত ২৭/০৪/২০২২ তারিখে অফিস আদেশ জারী করা হয়। | | |
| ১৪ | ভিডিও পোর্টাল | আরজেএসসি'র সেবা সমূহের বিস্তারিত প্রসেসগুলো ভিডিও টিউটোরিয়াল আকারে ইউটিউবে প্রকাশ করা উদ্যোগ গ্রহণ করা হয়। Video Portal - এর ভিডিও দেখে সহজেই যে কেউ আরজেএসসি'র সেবাসমূহ সম্পর্কে জানতে পারবে এবং সেবাগ্রহীতারা পরিসেবাগুলি কীভাবে পাবেন তাও জানতে পারবেন। ফলে তাদের তৃতীয় কোন ব্যক্তির শরণাপন্ন হতে হবে না। নিজে নিজেই আবেদন করতে পারবে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ১৫ | অনলাইনে ইস্যুকৃত সার্টিফাইড কপির সত্যতা যাচাইকরণের জন্য প্ল্যাটফর্ম | অনলাইনে ইস্যুকৃত সার্টিফাইড কপির সত্যতা যাচাইকরণের জন্য প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। গত ৩০/০৩/২০২৩ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ১৬ | পাবলিক লিমিটেড কোম্পানির ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত Commencement of Certificate সরবরাহ | পাবলিক লিমিটেড কোম্পানির ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফাইড কপি অনলাইনে সরবরাহ করা হচ্ছে। গত ১৫/১০/২০২৩ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ১৭ | কোম্পানির (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২৩ এর ৩৮(৩) (গ) ধারা অনুযায়ী শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে কমিশন সংক্রান্ত | কোম্পানির (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২৩ এর ৩৮(৩) (গ) ধারা অনুযায়ী শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে কমিশন সংক্রান্ত আবেদন অনলাইনের মাধ্যমে দাখিল করা হচ্ছে। গত ০৩/১০/২০২৩ খ্রিঃ তারিখে এ সংক্রান্ত অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ১৮ | বার্ষিক মূলধনের বিবরণী (শিডিউল-১০) অনলাইনে প্রেরণ সংক্রান্ত | বার্ষিক মূলধনের বিবরণী (শিডিউল-১০) অনলাইনে সরবরাহ করা হচ্ছে। গত ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ১৯ | রেজিস্টার্ড অফিস পরিবর্তন (ফরম-৬) অনলাইনে প্রেরণ সংক্রান্ত | রেজিস্টার্ড অফিস পরিবর্তন (ফরম-৬) অনলাইনে সরবরাহ করা হচ্ছে। গত ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ২০ | পরিচালকের তালিকা (ফরম-১২) অনলাইনে প্রেরন সংক্রান্ত | পরিচালকের তালিকা (ফরম-১২) অনলাইনে সরবরাহ করা হচ্ছে। গত ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | কোম্পানি, সোসাইটি, পার্টনারশিপ ফার্ম, টি,ও, এর নিবন্ধন সার্টিফিকেট অনলাইনে প্রেরণ সংক্রান্ত | কোম্পানি, সোসাইটি, পার্টনারশিপ ফার্ম, টি,ও, এর নিবন্ধন সার্টিফিকেট অনলাইনে সরবরাহ করা হচ্ছে। গত ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ২২ | বিদেশী কোম্পানির ফাইলিং সার্টিফেকেট অনলাইনে প্রেরণ সংক্রান্ত | বিদেশী কোম্পানির ফাইলিং সার্টিফেকেট অনলাইনে সরবরাহ করা হচ্ছে। গত ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ২৩ | সোসাইটির নাম পরিবর্তন সনদ সংক্রান্ত | সোসাইটির নাম পরিবর্তন সংক্রান্ত সনদ ইলেক্ট্রনিক স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ই-মেইলে সরবরাহ করা হচ্ছে। গত ২০/১২/২০১৩ খ্রিঃ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ২৪ | সোসাইটির অনলাইনে রেকর্ডকৃত বার্ষিক রিটার্ন তথা নির্বাহী কমিটির তালিকা (List of Executive Committee) এর সার্টিফাইড কপি সংক্রান্ত | সোসাইটির অনলাইনে রেকর্ডকৃত বার্ষিক রিটার্ন তথা নির্বাহী কমিটির তালিকা (List of Executive Committee) এর সার্টিফাইড কপি ইলেক্ট্রনিক স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ই-মেইলে সরবরাহ করা হচ্ছে। গত ২০/১২/২০১৩ খ্রিঃ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ২৫ | নিবন্ধিত পার্টনারশিপ ফার্মের ইলেকট্রনিক স্বাক্ষরযুক্ত ফর্ম-১ এবং ফর্ম-৫ সরবরাহ সংক্রান্ত | ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহক-সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিবন্ধিত পার্টনারশিপ ফার্মের ফর্ম-১ এবং ফর্ম-৫ ডকুমেন্টস ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ই-মেইলে সরবরাহ করা হয়েছে। গত ২৮ মে ২০২৪ খ্রি: তারিখে পরিপত্র জারি করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |
| ২৬ | কোম্পানির পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তিপত্র, ঋণ পরিশোধের ছাড়পত্র এবং বিদেশী বিনিয়োগের সমর্থনে এনক্যাশমেন্ট সার্টিফিকেট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা সংক্রান্ত | কোম্পানির পরিচালক পরিবর্তন ও শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তিপত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র এ পরিদপ্তরের ওয়েবসাইটে আপলোড এর জন্য সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে User Id এবং Password প্রদান করা হয়।দেশের ব্যবসা সহজীকরণ ও তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে যেসকল ব্যাংক ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান এ পরিদপ্তর হতে User Id এবং Password সংগ্রহ করেছে | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সেসকল ব্যাংক ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রাহক কোম্পানির পরিচালক পরিবর্তন ও পরিচালকের শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তিপত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র এ পরিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে দাখিল করতে হবে। দাখিলকৃত অনাপত্তিপত্র/ছাড়পত্র এ পরিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে যাচাই করা হবে। গত ৩০ মে ২০২৪ খ্রি: তারিখে পরিপত্র জারি করা হয়েছে। | | |
| ২৭ | শেয়ার হস্তান্তরের নিমিত্তে Share Transfer Appointment Systems এর মাধ্যমে Appointment গ্রহণ সংক্রান্ত | শেয়ার হস্তান্তরকারীকে Share Transfer এর দলিলাদিতে এ পরিদপ্তরের হাজির হয়ে পুন:স্বাক্ষরের জন্য Share Transfer Appointment Systems এর মাধ্যমে Appointment গ্রহণ করতে হবে। গত ১২ জুন ২০২৪ খ্রি: তারিখে পরিপত্র জারি করা হয়েছে। | হ্যাঁ | Rjsc LAN System (app.roc.gov.bd) |

২৪/৬/২০২৪

মোঃ মিজানুর রহমন এনডিসি
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৫৫০১৩৫২৩
**registrar@roc.gov.bd**

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-২ শাখা।]